অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/24/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কবাসীরা বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কারসের রাজ্য-FEMA টিকাকরণ সাইটগুলিতে অ্যাপয়েন্টমেন্ট করা শুরু করতেপারেন

সাইটগুলি খুলবে বুধবার, 3রা মার্চ - যোগ্য নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য' ওয়েবসাইটের মাধ্যমে অথবা 1-833-NYS-4-VAX (1-833-697-4829) নম্বরে কল করে অ্যাপয়েন্টমেন্ট করা শুরু করতে পারেন

এক সপ্তাহের জন্য প্রাথমিকভাবে কম টিকাকরণের হার সম্পন্ন এলাকাগুলিতে বসবাস করা নিউ ইয়র্কবাসীদের জন্য অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করা সংরক্ষণকরা আছে; তারপর প্রতিটি সাইট যে কাউন্টিকে পরিষেবা প্রদান করে, তাদের বাসিন্দাদের জন্য তাদের পরিষেবা প্রদান করবে

সাইটগুলো সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে তাদেরলক্ষ্য করে, কুওমো ও বাইডেন প্রশাসনের ন্যায্যভাবে ও দক্ষতার সাথে টিকা বিতরণের প্রচেষ্টার অংশ হিসেবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কারস এলাকায় যোগ্য নিউ ইয়র্কবাসীরা রাজ্য-FEMA সম্প্রদায়-ভিত্তিক টিকাকরণের সাইটগুলিতে COVID-19 টিকা গ্রহণের জন্য অ্যাপয়েন্টমেন্ট শুরু করতে পারেন 3 বুধবার, মার্চ থেকে। চারটি টিকা সাইট প্রতিদিন সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত কাজ করবে এবং প্রতিটি সাইটের প্রতিদিন 1000টি ডোজ দেওয়ার ক্ষমতা আছে। এই সাইটগুলো নিউ ইয়র্ক স্টেটের টিকা সংক্রান্ত দ্বিধা-দ্বন্দ্বের বিরুদ্ধে লড়াই এবং ঐতিহ্যবাহী স্বাস্থ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলোর অধীনে থাকা সম্প্রদায়গুলিতে টিকা নিয়ে আসার প্রচেষ্টার অংশ।

যোগ্য নিউ ইয়র্কবাসীরা এখন অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন নিউ ইয়র্কের 'আমি কি যোগ্য' ওয়েবসাইট অথবা রাজ্যের COVID-19 টিকাকরণ হটলাইনে 1-833-NYS-4-VAX (1-833-697-4829) কল করে। 3রা মার্চ বুধবার খোলার সময় সাইটগুলিতে যাওয়ার মাধ্যমেও অ্যাপয়েন্টমেন্ট নেওয়া যেতে পারে। প্রথম সপ্তাহের শিডিউলিঙের জন্য, এই চারটি সাইটে অ্যাপয়েন্টমেন্ট প্রাথমিকভাবে সেই সব নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষভাবে সংরক্ষিত, যারা বর্তমানে টিকাকরণের জন্য যোগ্য এবং কম টিকাকরণের হার সম্পন্ন এলাকায় বাস করেন। এক সপ্তাহ পরে, প্রতিটি সাইটের অ্যাপয়েন্টমেন্ট সেই সব বাসিন্দাদের কাছে উপলব্ধ করা হবে যারা সেই সাইটের দ্বারা পরিষেবা প্রাপ্ত হয়।

"প্রথম দিন থেকেই আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার ছিল মহামারী দ্বারা সব চেয়ে বেশি আক্রান্ত সম্প্রদায়গুলিতে সরাসরি টিকাকরণের সাইট স্থাপন করে টিকার ন্যায্য বন্টন নিশ্চিত করা," **গভর্নর কুওমো বলেন।** "বাফেলো, রোচেস্টার, আলবানি এবং ইয়ঙ্কারসের এই চারটি সাইট কম টিকাকরণের হার এবং উচ্চ COVID ইতিবাচকতার হার সহ এলাকাগুলিতে বাস করা নিউ ইয়র্কবাসীদের প্রাথমিকভাবে অগ্রাধিকার দিচ্ছে, এবং আমি এই অঞ্চলের সবাইকে যারা যোগ্য, তাদের উৎসাহিত করছি দ্রুত একটি অ্যাপয়েন্টমেন্ট করার জন্য। এই টীকা নিরাপদ এবং কার্যকর, কিন্তু যদি আমরা এটা মানুষের বাহুতে প্রবেশ করাতে পারি তবেই তা কাজ করতে পারে। আমরা যত বেশি শট প্রদান করি, তত দ্রুত আমরা আমাদের অনগ্রসর সম্প্রদায়গুলির প্রতি করা অবিচার সংশোধন করতে পারি এবং প্রথম COVID-মুক্ত রাজ্য হওয়ার লক্ষ্যে পৌঁছাতে পারি।"

সাইটের অবস্থান এবং যোগ্য জিপ কোডগুলি নিম্নরূপ:

বাফালোঃ ডেলাভান গ্রিডার কমিউনিটি সেন্টার (Delavan Grider Community Center)
877 ইস্ট ডেলাভান এভিনিউ
বাফেলো, NY
যোগ্য জিপ কোডগুলি: 14209, 14201, 14208, 14213, 14211, 14215, 14214, 14204, 14222, 14212

রচেস্টারঃ সাবেক কোডাক হকআই পার্কিং লট (Former Kodak Hawkeye Parking Lot)
1345 সেন্ট পল স্ট্রিট
রোচেস্টার, NY
যোগ্য জিপ কোডগুলি: 14605, 14613, 14611, 14608, 14621, 14619, 14606, 14615, 14614, 14609, 14604, 14603

আলবানি, স্কেনেকটেডি, ট্রয়: ওয়াশিংটন এভিনিউ অস্ত্রাগার (Washington Avenue Armory)
195 ওয়াশিংটন এভিনিউ
আলবানি, NY
যোগ্য জিপ কোডগুলি: 12202, 12206, 12210, 12209, 12207, 12222, 12180, 12307, 12308, 12305, 12304

ইয়ঙ্কারস এবং মাউন্ট ভার্নন: নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড আর্মারি
2 কুইন্সি প্লেস
ইয়ঙ্কারস, NY
যোগ্য জিপ কোডগুলি: 10705, 10701, 10550, 10553, 10704, 10703, 10552

ফেডারাল এমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA), মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সেবা বিভাগ (U.S. Department of Health and Human Services), প্রতিরক্ষা বিভাগ (Department of Defense) ও অন্যান্য ফেডারেল এজেন্সির

সহায়তায়, এই সাইটগুলো ফেডারেল ক্লিনিক্যাল ও নন-ক্লিনিক্যাল স্টাফ এবং ঠিকাদারদের একত্রিত করবে যারা ন্যাশনাল গার্ড (National Guard), নিউ ইয়র্ক স্টেট, স্থানীয় নেতা ও কমিউনিটি ভিত্তিক সংস্থার সাথে কাজ করবে এই সাইটগুলি প্রতিষ্ঠা করতে এবং সেগুলি পরিচালনা করতে। প্রতিটি অবস্থান এটি যে নির্দিষ্ট সম্প্রদায়টি পরিবেশন করছে তার চাহিদা পূরণের জন্য তৈরি করা হবে।

ব্রুকলিন এবং কুইন্সের রাজ্য-FEMA সাইটগুলির মত যা এই সপ্তাহে খুলেছে, এই চারটি সাইটের অ্যাপয়েন্টমেন্ট প্রাথমিকভাবে সেই নিউ ইয়র্কবাসীদের জন্য বিশেষভাবে সংরক্ষিত হবে যারা বর্তমানে যোগ্য এবং কম টিকা প্রদানের হার সম্পন্ন এলাকায় বাস করেন। এক সপ্তাহ পরে, প্রতিটি সাইটের অ্যাপয়েন্টমেন্ট সাইটের হোস্ট কাউন্টি বা নির্দিষ্ট টার্গেট অঞ্চলের সকল বাসিন্দাদের জন্য উপলব্ধ করা হবে।

2020 সালের শেষের দিকে, সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো, ন্যাশনাল আরবান লীগের (National Urban League) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক মরিয়াল ও হেলথফার্স্টের (Healthfirst) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট ওয়াং এর সভাপতিত্বে নিউ ইয়র্কের ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force) চালু করার ঘোষণা করেন গভর্নর। প্রতিষ্ঠার পর থেকে টাস্ক ফোর্স টিকা দেওয়ার ক্ষেত্রে বাধা ভেঙ্গে এবং স্টেট জুড়ে টিকার ন্যায়সঙ্গত বন্টন নিশ্চিত করে এবং ঝুঁকিপূর্ণ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি যাতে পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করা অব্যাহত রেখেছে।

উপরন্তু, নিউ ইয়র্ক চার্চ, কমিউনিটি সেন্টার ও পাবলিক হাউজিং কমপ্লেক্সে সরাসরি সম্প্রদায়গুলির ভিতরে 104টিরও বেশি অস্থায়ী কমিউনিটি ভিত্তিক 'পপ আপ' টিকাকরণ সাইট স্থাপন করেছে রাজ্য জুড়ে যা ঐতিহ্যগতভাবে স্বাস্থ্য সেবা ব্যবস্থার দ্বারা অপর্যাপ্ত পরিষেবা প্রাপ্ত হয়েছে। 15 জানুয়ারি থেকে প্রায় 45,000 নিউ ইয়র্কবাসী এই কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইটগুলিতে তাদের প্রথম COVID-19 টিকা ডোজ পেয়েছে। প্রথম ডোজ প্রদানের পর, সাইটগুলি তারপর দ্বিতীয় ডোজ প্রদান করার জন্য তিন সপ্তাহ পরে পুনরায় প্রতিষ্ঠিত হয়।

নিউ ইয়র্ক এই সমস্ত পপ-আপ সাইটগুলি প্রতিষ্ঠা করা অব্যাহত রাখবে যতক্ষণ না এগুলিকে 33টি নিউ ইয়র্ক সিটি হাউজিং এজেন্সি (New York City Housing Agency, NYCHA) সিনিয়র হাউজিং ডেভলপমেন্টের সব কটিতে স্থাপন করা হয়, যেখানে 7,600 জনের বেশি বয়স্করা রয়েছেন। এছাড়াও রাজ্য ব্যাপী অন্যান্য পাবলিক হাউজিং কমপ্লেক্সে এবং তার সাথে 300টিরও বেশি চার্চ ও সাংস্কৃতিক কেন্দ্রে, যারা এই সাইটগুলিকে স্থান দিতে স্বেচ্ছায় রাজিহয়েছে, পপ-আপ অবস্থানগুলি স্থাপন করা চলতে থাকবে, গভর্নর কুওমোর ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force)-এর মাধ্যমে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন